কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ)

স্মারক নং- ১২.২৭৪.০৩৫.১৫.০০.০৩৬.২০১২. ৯০৭৪(৭৫) তারিখ ঃ২২জানুয়ারি ২০১৭ খ্রিঃ

পরিপত্র

দেশের বীজনীতির আলোকে বীজশিল্প উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বে-সরকারি পর্যায়ে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে বীজ কার্যক্রমের সেবাসমূহ যেমন বীজ ক্লিনিং-গ্রেডিং, বীজ শুকানো, বীজ প্যাকিং, বীজ সংরক্ষণ, ফিউমিগেশন, বীজ পরীক্ষা প্রভৃতি কাজ সম্পাদনের জন্য বীজ ও উদ্যান উইং-এ সেবাপ্রদান কর্মসূচি বিদ্যামান রয়েছে। বিএডিসি-এর আওতাধীন বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বীজ উৎপাদন কেন্দ্র, কন্ট্রাক্ট গ্রোয়ার্স হারভেষ্ট ও প্রকিউরমেন্ট সেন্টার, ফার্মার সিড সেন্টার, বীজ উৎপাদন খামার, ডাল ও তৈল বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র ও বিএডিসি বীজ পরীক্ষাগার হতে নূন্যতম সার্ভিস চার্জের বিনিময়ে বীজ সংক্রান্ত সেবা প্রদান করা হচ্ছে। সংস্থা কর্তৃক বে-সরকারি পর্যায়ে বীজ কার্যক্রমের সেবা সার্ভিস চার্জসমূহ নিম্নোক্তভাবে পুনঃ নির্ধারণ করা হলো। এই সকল সেবা কার্যক্রম পরিচালনা কালে বিশেষ দ্রষ্টব্যভূক্ত বিষয়গুলি বিবেচনা করতে হবে।

পুন: নির্ধারিত সেবা ভিত্তিক সার্ভিস চার্জসমুহের হার।

ক্রঃ নং	সেবার ধরণ	সেবার একক	সার্ভিস চার্জ	মন্তব্য
১	২	৩	৪	৫
১।	ট্রাক লোডিং/আনলোডিং	প্রতি কেজি	০.২০ (বিশ পয়সা) টাকা	
২।	বীজ ক্লিনিং গ্রেডিং	প্রতি কেজি	০.২০ (বিশ পয়সা) টাকা	
৩।	বীজ ওজন ও বস্তাবন্দীকরণ	প্রতি কেজি	০.২০ (বিশ পয়সা) টাকা	
৪।	বীজ ড্রাইং	প্রতি কেজি প্রতি পার্সেন্ট আর্দ্রতা হ্রাস	০.৪০ (চল্লিশ পয়সা) টাকা	
৫।	বীজের ড্রাইং কাজে বস্তা হ্যান্ডলিং	প্রতি কেজি	০.২০ (বিশ পয়সা) টাকা	
৬।	ফিউমিগেশন	প্রতি কেজি	০.১০ (দশ পয়সা) টাকা	
৭।	বীজ সংরক্ষণ (সাধারণ গুদাম)	ক) প্রথম ৬ মাসের জন্য প্রতি কেজি খ) পরবর্তী প্রতি মাসের জন্য প্রতি কেজি	৫.০০ (পাঁচ) টাকা ০.৯০ (নব্বই পয়সা) টাকা	
৮।	বীজ সংরক্ষণ (ডি-হিউমিডিফাইড)	ক) প্রথম ৬ মাসের জন্য প্রতি কেজি খ) পরবর্তী প্রতি মাসের জন্য প্রতি কেজি	১৮.০০ (আঠার) টাকা ২.৫০ (দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা	
৯।	বীজের আর্দ্রতা পরীক্ষা	প্রতি নমুনা	৫.০০ (পাঁচ) টাকা	
১০।	বিজের বিশুদ্ধতা পরীক্ষা (এনালাইটিকেল)	প্রতি নমুনা	১০.০০ (দশ) টাকা	
১১।	বীজের অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা	প্রতি নমুনা	২০.০০ (বিশ) টাকা	
১২।	বীজের নমুনা সংগ্রহ	প্রতি নমুনা প্রতি কিঃ মিঃবা তার ভগ্নাংশ দূরত্ব	১৮.০০ (আঠার) টাকা	
১৩।	বীজ প্যাকিং (বীজ ভর্তি ও ওজনকরণ ১০ কেজির নিচে)	প্রতি প্যাকেট	০.৩০ (ত্রিশ পয়সা) টাকা	
১৪।	বীজ প্যাকিং (বীজ ভর্তি ও ওজনকরণ ১০ কেজি এবং তদুর্ধ)	প্রতি প্যাকেট	০.৫০ (পঞ্চাশ পয়সা) টাকা	
১৫।	বীজ প্যাকিং (সেলাইকরণ)	প্রতি প্যাকেট (সেলাইকরণ)	০.২০ (বিশ পয়সা) টাকা	
১৬।	বীজ শোধন (কেমিক্যালস বাদে)	প্রতি কেজি	০.২০ (বিশ পয়সা) টাকা	

বিঃ দ্রঃ-

ক) উপরোক্ত সারণীর ১ হতে ৭ নং ক্রমিকের সেবাসমূহ ধান, গম, ভূট্টা ও ডাল-তৈল বীজের জন্য এবং ৮-১৪ নং পর্যন্ত ক্রমিকের সেবাসমূহ সকল প্রকার বীজের জন্য প্রযোজ্য হবে।

খ) সংস্থার সকল বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে, অধিক বীজ উৎপাদন কেন্দ্র এবং ডাল ও তৈল বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র হতে উপরোল্লিখিত যাবতীয় সেবা পাওয়া যাবে; ফার্মার সিড সেন্টার ও বীজ উৎপাদন খামার থেকে সংরক্ষণ ছাড়া অন্যান্য সকল সেবা নেয়া যাবে। তবে, সংস্থার কন্ট্রাক্ট গ্রোয়ার্স হারভেষ্ট ও প্রকিউরমেন্ট সেন্টার থেকে শুধু বীজ ক্লিনিং-গ্রেডিং এবং বীজ পরীক্ষাগার থেকে শুধু বীজ পরীক্ষা সংক্রান্ত সেবা দেয়া হবে।

চলমান পাতা- ২

গ) বীজের ক্লিনিং-গ্রেডিং বিএডিসি-এর বর্তমান মেশিন দ্বারা প্রচলিত নিয়মে সম্পাদিত হবে। শুধু ক্লিনিং-গ্রেডিং সেবা গ্রহণকারীকে অপারেশন সম্পন্ন হওয়ার সাথে সাথে বীজ ও প্রসেসিং ওয়েষ্ট ফেরৎ নিয়ে যেতে হবে।

ঘ) বীজ শুকানোর পূর্বে বীজের আর্দ্রতা ভালভাবে পরীক্ষা করে অত্যন্ত সতর্কতার সাথে ড্রায়ারে বীজ শুকাতে হবে। শুকানোর পর পুণরায় বীজের আর্দ্রতা সঠিকভাবে নির্ধারণ করতে হবে। বীজ শুকানোকালে আর্দ্রতা হ্রাস ০.৫% বা তদুর্দ্ধ হলে পূর্ণ ১% হারে চার্জ আদায় করতে হবে। বীজ শুকানো সময় ও বীজের আর্দ্রতা উল্লেখপূর্বক ড্রায়ারের লগ বহিতে লিপিবদ্ধ করতে হবে।

ঙ) বীজ শুকানো সেবা গ্রহণেচ্ছু ব্যক্তি/প্রতিষ্ঠান গমবীজের বেলায় ৭৫ কেজি ও ধানবীজের বেলায় ৬৫ কেজি হিসাবে গ্যানি ব্যাগে ৭২ বস্তা (ক্ষেত্র বিশেষে ৮০ বস্তা) অথবা তার গুণিতক পরিমান বীজ স্থানীয় সেবাপ্রদানকারী কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে শুকানোর পদক্ষেপ নিতে পারেন।

চ) বীজ সংরক্ষণের নিমিত্ত ''আগে আসলে আগে পাবেন''--- ভিত্তিতে সংস্থার কেন্দ্রসমূহের বে-সরকারি খাতে প্রদানযোগ্য গুদামে স্পেস স্থানীয় দপ্তর/বিভাগীয় প্রধান-এর বরাবরে আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ পাওয়া যাবে। স্থানীয় দপ্তরসমূহে দাখিলকৃত আবেদনপত্রগুলি বিভাগীয় প্রধানের অনুমোদন গ্রহণ আবশ্যক।

ছ) সংরক্ষণ সেবা গ্রহণকারীকে স্পেস বরাদ্দ নেয়ার ১০(দশ) দিনের মধ্যে প্রদেয় সার্ভিস চার্জের নূন্যতম ২৫% অর্থ অগ্রিম হিসাবে জমা প্রদান করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল বলে গন্য হবে।

জ) সংরক্ষণের নিমিত্ত প্রেরিত বীজের ব্যাপারে আবেদনকারীর নিকট হতে সেবা প্রদানকারী স্থানীয় দপ্তরকে বীজ উৎপাদন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে হবে। সংরক্ষণযোগ্য বীজ অবশ্যই নির্ধারিত মানসম্পন্ন হতে হবে।

ঝ) সেবা প্রদানকারী কেন্দ্রে বীজ আসার সঙ্গে সঙ্গে বাহ্যিকভাবে পরীক্ষা করে দেখতে হবে। এ সকল বীজের স্বাভাবিক রং, পোকা-মাকড় আক্রান্ত কিনা ইত্যাদি যাচাই করে দেখতে হবে। সম্ভব হলে, সেবা গ্রহণকারীর মজুদস্থলে বীজ পরীক্ষা করে দেখা যেতে পারে। অযোগ্য, পোকা-মাকড় আক্রান্ত বীজ যাতে সেবা প্রদানকারীর কেন্দ্রে না আসে সেদিকে লক্ষ্য রাখতে হবে। একান্ত প্রয়োজন হলে ট্রানজিট গুদামে ফিউমিগেশন করে নিতে হবে।

ঞ) সংরক্ষণের পূর্বে অবশ্যই বীজের ক্লিনিং-গ্রেডিং সম্পন্ন করে নির্ধারিত আর্দ্রতায় বীজ গ্রহণ করতে হবে।

ট) সংরক্ষণের জন্য গৃহীত বীজের সার্বিক গুণাগুণ যাচাই করে নিতে হবে এবং অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করে সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। বীজ পরীক্ষার ফলাফল সরবরাহকারীকে জানিয়ে দিতে হবে।

ঠ) সংরক্ষণযোগ্য বীজ সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিজস্ব বস্তায় রাখতে হবে। তবে, এক্ষেত্রে বীজসহ উক্ত বস্তা গুদামে ঢুকানোর সময় সার্ভিস চার্জ নিয়ে ফিউগিগেশন করে নিতে হবে।

ড) আবেদনকারী ব্যক্তি/কোম্পানীর বীজ জাতওয়ারী আলাদা আলাদাভাবে লট দিয়ে সংরক্ষণ করতে হবে। তবে, কোন জাতেরই ৩০ (ত্রিশ) টনের বেশী পরিমানের লট করা যাবে না। প্রতিটি লটেই লটকার্ড ঝুলিয়ে রাখতে হবে।

ঢ) সংরক্ষণের জন্য গৃহীত বীজের বিপরীতে সেবা গ্রহণকারীকে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করতে হবে।

ণ) বীজ সংরক্ষণ শেষে সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান তার নিজস্ব বস্তায়/প্যাকেটে বীজ ডেলিভারি নিয়ে যাবেন। ডেলিভারির সময় গ্রহণকারীর স্বাক্ষর নিতে হবে।

ত) বীজ ডেলিভারি দেয়ার সময় নিয়ম মাফিক অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করতে হবে এবং গার্ড স্যাম্পল রেখে দিতে হবে।

থ) বে-সরকারি পর্যায়ের বীজ গ্রহণকালে ও ডেলিভারির সময় রুটিন পরীক্ষাগুলি অবশ্যই করতে হবে। সংরক্ষণকালীন বীজ পরীক্ষা আবেদনকারীর অভিপ্রায় অনুযায়ী সম্পাদনযোগ্য।

দ) বীজ পরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট কেন্দ্রের বীজ পরীক্ষা বহিতে লিপিবদ্ধ করে রাখতে হবে এবং পরীক্ষার ফলাফল সেবা গ্রহণকারীকে জানিয়ে দিতে হবে।

ধ) বে-সরকারি পর্যায়ে বীজ কার্যক্রমের সকল প্রকার সার্ভিস চার্জ রশিদের মাধ্যমে আদায় করতে হবে। প্রাপ্ত অর্থ নিয়ম অনুযায়ী সংস্থার খাতে জমা দিতে হবে।

ন) সংরক্ষণযোগ্য বীজ ব্যতিরেকে অন্যান্য বীজের সেবা প্রদানের সাথে সাথে সার্ভিস চার্জ আদায়যোগ্য। কেবলমাত্র সংরক্ষিত বীজের বেলায়, বীজ ডেলিভারী নেয়ার সময় প্রদত্ত সকল সেবার সার্ভিস চার্জ একত্রে পরিশোধ করতে হবে।

প) বে-সরকারি পর্যায়ে প্রদত্ত সকল সেবা সংশ্লিষ্ট রেজিস্টারসমূহে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। সংরক্ষণ সেবা দেয়া হলে মজুদ বাহিতেও লিপিবদ্ধ করতে হবে। তাছাড়া, বে-সরকারি বীজ উৎপাদনকারীদের বীজ প্রসেসিং ও সংরক্ষণ সেবা প্রদান রেজিস্টারটি ব্যবহার করতে হবে।

ফ) সেবা প্রদানকারী দপ্তর সদর দপ্তরের কর্মসূচি ব্যহত না করে বে-সরকারি পর্যায়ের বীজ কার্যক্রমে কেন্দ্রের বিদ্যামান সুযোগ-সুবিধার ভিত্তিতে সেবা দেয়ার ব্যাপারে স্থানীয়ভাবে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

ব) কোন কেন্দ্রে বা দপ্তরে কি পরিমাণ বীজ বে-সরকারি সেবার আওতায় সংরক্ষণ করা যাবে, তা সংস্থার সকল কেন্দ্রের ধারণ ক্ষমতা ও নিজস্ব কর্মসূচির আলোকে কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের ভিত্তিতে নির্ধারণ করে অনুমোদন দেয়া হবে।

চলমান পাতা- ৩

ভ) আগ্রহী সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান বীজ সংক্রান্ত সেবা কার্যক্রমের পদ্ধতি ও সংশ্লিষ্ট তথ্যাদি বিএডিসি-এর স্থানীয় সেবা প্রদানকারী দপ্তরের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে বিস্তারিতভাবে অবহিত হতে পারবেন।

ম) এ পরিপত্রটি বে-সরকারি পর্যায়ের বীজ কার্যক্রমে বিএডিসি-এর সুযোগ-সুবিধা প্রদান সংক্রান্ত ইতঃপূর্বের জারিকৃত পরিপত্র, বিজ্ঞপ্তি ও অফিস আদেশে সন্নিবেশিত সেবার ধরণ, সেবা সার্ভিস চার্জ ও সেবা কার্যক্রম পরিচালনার দিক নির্দেশনাসমূহের সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন হিসাবে গণ্য হবে। এই পরিপত্রে বীজের সেবা কার্যক্রমের অনুল্লেখিত বিষয়াবলী পূর্বে জারিকৃত আদেশ অনুযায়ী পরিচালিত হবে।

এ আদেশ ০১/০৩/২০১৭ বৎসরের গম/বোরোধান বীজ সংগ্রহ মৌসুম থেকে কার্যকর হবে।

22/1/2017

(নূর মোহাম্মদ মন্ডল)
পরিচিতি নং-০২০০৫৫
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।
ফোন- ৯৫৫২৩১৭

অনুলিপি বিতরণঃ-

১। সহকারী পরিচালক (কৃষি), ফার্মার সিড সেন্টার, বিএডিসি, ...।
২। উপপরিচালক (বীপ্র/ক: গ্রো:/বীউ/খামার/ডাল ও তৈল বীজ), বিএডিসি, ...।
৩। যুগ্মপরিচালক (বীপ্র/বীজ পরীক্ষাগার), বিএডিসি,...................।
৪। যুগ্মপরিচালক (কঃগ্রোঃ/বীবি), বিএডিসি, (সার্কেল/বীজ বিতরণ)................।
৫। প্রকল্প পরিচালক (বীউ /ডাল ও তৈল বীজ), বিএডিসি, ঢাকা।
৬। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/ক: গ্রো:/খামার/টিসি/বীবি), বিএডিসি, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক (পাট বীজ/উদ্যান/এএসসি), বিএডিসি, ঢাকা।
৮। .... সকল বীজ উৎপাদনকারী/বীজ ব্যবসায়ী/বীজ কোম্পানি।
৯। সভাপতি, বাংলাদেশ সিড এসোসিয়েশন, ১৪৫/সিদ্দিক বাজার, ঢাকা।
১০। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্ম গেইট, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
১২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্র সেচ/অর্থ), বিএডিসি, ঢাকা।
১৩। মহাপরিচালক (বীজ), বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৫। কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়েরে একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। প্রধান মনিটরিং (মনিটরিং বিভাগ), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। অফিস কপি।

Programmal
22.1.17